

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।



শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩- ২৪৪

তারিখঃ- ০৯/০১/২০২৩খ্রিঃ।

বিষয়ঃ- পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট ০১(এক) বছরের জন্য স্থগিত প্রসংগে।

- সূত্রঃ- ১। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকার কার্যালয়ের স্মারক নং- ২২.০১.০০০০.১০১.২৩.১৬৪.২২.০৫ তাং- ০১/০১/২০২৩খ্রিঃ।
২। অত্র বিভাগের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২২-৬২২২ তাং- ২৯/১১/২০২২খ্রিঃ।
৩। বন্যপ্রাণী পরিদর্শক এর স্মারক নং- ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২০২২-১৮৪ তাং- ২৮/১১/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা এর কার্যালয় হতে আপনার ফার্ম শাহজালাল পেটস এন্ড ফার্মিং এর নামে গত ০৫/১০/২০২২খ্রিঃ তারিখে ইস্যুকৃত এন.ও.সি নং- ২২.০১.০০০০.১০১.২৩.০৭৯.২০২১-৫৪ মূলে ৩৯০টি পাখি আমদানীর অনাপত্তি পত্র প্রদান করা হয়।

উক্ত অনাপত্তি পত্রের বিপরীতে আপনার প্রতিষ্ঠান কর্তৃক মালি হতে আমদানীকৃত ৩২টি পাখির মধ্যে ১৭টি Brownwing Owl এন.ও.সি বহির্ভূত পাখি সনাক্ত করা হয়। এন.ও.সি বহির্ভূত পণ্য আমদানী কাষ্টম আইন বহির্ভূত বিধায় কাষ্টম আইন, ১৯৬৯ এর সেকশন ১৬ ও ৩২ লঙ্ঘন করায় অতিরিক্ত কমিশনার, কাষ্টম হাউজ, ঢাকা কর্তৃক ১৯,৫২,৭০২.৬৭/- (উনিশ লক্ষ বায়ান্ন হাজার সাতশত দুই দশমিক ছয় সাত) টাকা অর্থদণ্ড ও বিমোচন জরিমানা প্রদান করা হয়।

উক্ত বন্যপ্রাণী পরিদর্শক গত ০১/১১/২০২২খ্রিঃ তারিখে ICITAP, US Embassy, Bangladesh এর Craig Fullstone, Senior Law Enforcement Adviser, Dr. Nasir Uddin এবং Dr. Samia Saif, Counter Wildlife Trafficking Programme Coordinator আপনার খামার পরিদর্শন করেন এবং খামারের এন.ও.সি বহির্ভূত ০৪টি Palm nut vulture, ০৪টি Tawny eagle, ০১টি White headed vulture and ০১টি White backed vulture দেখতে পান এবং অত্র দপ্তরকে বিষয়টি অবহিত করেন। উক্ত পাখি সমূহের উৎস সম্পর্কে আপনার কাছে জানতে চাওয়া হলে আপনি জবাব প্রদান করেন। কিন্তু আপনার জবাবটি সন্তোষজনক ছিলনা।

এছাড়াও আপনি গত ২৩/১১/২০২২খ্রিঃ তারিখে এন.ও.সি নং- ৫৪ তাং- ০৫/১০/২০২২খ্রিঃ মূলে পাখি আমদানী করেন। উক্ত পাখি সমূহ বিমান বন্দরে বন বিভাগের প্রতিনিধির পরীক্ষণ ছাড়া খালাস করে নিয়ে যাওয়া হয় এবং উক্ত পাখিসমূহের রিং নম্বর অত্র দপ্তরে জমা প্রদান করেন নি, যা অনাপত্তি পত্রের ৫ নং ও ৮ নং শর্তের পরিপন্থী।

যেহেতু আপনার প্রতিষ্ঠান মেসার্স শাহজালাল পেটস এন্ড ফার্মিং কর্তৃক গত ২২/১১/২০২২খ্রিঃ তারিখে এন.ও.সি বহির্ভূত পাখি আমদানী করার কারণে বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ ও পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ লঙ্ঘন করায় আপনার প্রতিষ্ঠানের নামে অত্র বন বিভাগ হতে পোষা পাখি লালন-পালন খামারের জন্য ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট অত্র পত্র জারীর তারিখ হতে ১(এক) বছর সময় পর্যন্ত উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্থগিত করা হলো।

উল্লেখ্য বর্তমানে আপনার খামারে বিদ্যমান পাখি বিক্রয় ব্যতীত অত্র পত্র জারীর তারিখ হতে ১(এক) বছর সময়ের মধ্যে অন্য কোন খাঁচায় পোষা বিদেশী পাখি ক্রয়, বিক্রয়, আমদানী ও রপ্তানী করা হতে বিরত থাকার জন্যও অনুরোধ জানানো হলো।

(কাজল তালুকদার)
বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

প্রাপকঃ- জনাব জামাল
মেসার্স শাহজালাল পেটস এন্ড ফার্মিং
সামাইর, বিরুলিয়া, সাভার, ঢাকা।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩- ২৪৪

তারিখঃ- ০৯/০১/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত মহলে প্রেরণ করা হলো।

- ১। প্রধান বন সংরক্ষক, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী ১১১-১১৩, মতিঝিল বণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
- ৪। কমিশনার অব কাষ্টমস্, কাষ্টমস্ হাউজ, হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ৭। সহকারী পরিচালক (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1 হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা। স্থগিতাদেশ কালীন সময়ে উক্ত খামার এর কার্যক্রম নিয়মিত মনিটরিং করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(কাজল তালুকদার)
বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।